


# তিন বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ২৭ আগস্ট ২০২৩



প্রাকৃতিক দুর্ঘাগের কারণে স্থগিত হওয়া চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছে।

রোববার (২৭ আগস্ট) সকাল ১০টায় শুরু হয় এ পরীক্ষা। যা চলবে দুপুর ১টা পর্যন্ত।

এর আগে, ১৭ আগস্ট থেকে ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, কুমিল্লা, রাজশাহী, ঘশোর, সিলেট ও দিনাজপুর বোর্ডের এইচএসসি সমমান পরীক্ষা শুরু হয়। এই তিন বোর্ডের এইচএসসি পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়েছিল।

সংশ্লিষ্টরা জানান, আজ ইংরেজি প্রথম পত্র পরীক্ষার মাধ্যমে পরীক্ষা শুরু করবে আলিম পরীক্ষার্থীরা। আর এ দিন এইচএসসি বিএমটির একাদশ ও দ্বাদশ শ্রেণির হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ, ডিপ্লোমা ইন কমার্স একাদশ শ্রেণির অর্থনীতি ও দ্বাদশ শ্রেণির হিসাববিজ্ঞান পরীক্ষা হবে।

আর এইচএসসি ভোকেশনালের দ্বাদশ শ্রেণির রসায়ন বিজ্ঞান ২ ও একাদশ শ্রেণির রসায়ন বিজ্ঞান ১ পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর রোববার অন্যান্য বোর্ডের মতো চট্টগ্রাম বোর্ডেও এইচএসসির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড সূত্রে জানা যায়, এ বছর আলিম পরীক্ষায় অংশ নিচে ৯৮ হাজার ৩১ জন পরীক্ষার্থী। তাদের মধ্যে ৫৩ হাজার ৬৩ জন ছাত্র ও ছাত্রী ৪৪ হাজার ৯৬৮ জন।

অন্যদিকে কারিগরি বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নিচে ১ লাখ ৫২ হাজার ৭১৭ জন পরীক্ষার্থী। তাদের মধ্যে ছাত্র ১ লাখ ৯ হাজার ৫৭৩ জন ও ৪৩ হাজার ৯৬৮ জন ছাত্রী।

শিক্ষা বোর্ড জানায়, এইচএসসি, আলিম, এইচএসসি ভোকেশনাল, বিএম-বিএমটি ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষার নির্ধারিত সূচি অনুযায়ী ২৭ আগস্ট থেকে এ পরীক্ষা চলবে।

এদিকে তিন বোর্ডের পরীক্ষা পিছিয়ে ২৭ আগস্টে নিয়ে যাওয়ায় চট্টগ্রাম শিক্ষা বোর্ড, মাদরাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের চার দিনের পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করা হয়েছে।